

ক্রোড়পত্র-ক

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নং-২৩.১৭.০০০০.০০১.৮৩.০১৩.২১- ১৭৮

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২১।

২০০৯-২০২০ পর্যন্ত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সাফল্য ও অগ্রগতির তথ্য

- (১) এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন বেসামরিক কর্মকর্তাদের পদনাম প্রধান প্রশাসনিক কর্মকর্তা, সিভিলিয়ান স্টাফ অফিসার-১, সিভিলিয়ান স্টাফ অফিসার-২ ও সিভিলিয়ান স্টাফ অফিসার-৩ এর স্থলে যথাক্রমে মহাপরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালক পদনামে পরিবর্তন করা হয়েছে।
- (২) এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোতে ১০ম ও তদূর্ধ্ব বেতন গ্রেডের ৪৭টি এবং ১১তম হতে ২০তম বেতন গ্রেডের ১১৬টি পদ সৃজন করা হয়েছে।
- (৩) এ কার্যালয়ের বিদ্যমান স্থাপনায় নতুন পাঁচটি কক্ষ তৈরী করতঃ সাংগঠনিক কাঠামোতে বৃদ্ধিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের অফিস কক্ষের সংকুলানের পাশাপাশি ভৌত অবকাঠামোর উন্নতির ক্ষেত্রে অবদান রেখেছে।
- (৪) এ কার্যালয়ের দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার, ডুপ্লোমেশিন ইত্যাদি ক্রয় করা হয়েছে। এছাড়াও ইন্টারনেট সংযোগ স্থাপনের মাধ্যমে নিয়োগ কার্যক্রমকে সহজীকরণসহ অন্যান্য সেবা দ্রুততার সাথে সম্পাদনের প্রয়াস অব্যাহত আছে। এছাড়াও জাতীয় তথ্য বাতায়নে এ কার্যালয়ের ওয়েব সাইট অন্তর্ভুক্ত করা হয়েছে।
- (৫) বেকারত্ব নিরসনে সরকার কর্তৃক গৃহীত নীতি-কৌশলের আওতায় ২০০৯ হতে ২০২০ সাল পর্যন্ত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে মোট ১১৬৬ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে যা সরকারের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির নীতির বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।
- (৬) এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন ২০০৯ হতে ২০২০ সাল পর্যন্ত মোট ৬৩২ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন তৃতীয় শ্রেণির পদমর্যাদার অধীক্ষক পদটিকে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উন্নীত করা হয়েছে।
- (৭) বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থায় কর্মরত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি সমন্বিত নিয়োগবিধি "সশস্ত্র বাহিনী সদর দপ্তর এবং আন্তঃবাহিনী সংস্থা সিভিলিয়ান কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" প্রণয়ন করা হয়েছে। যার এস, আর, ও নং-৩৩৯-আইন/২০২০ তারিখ ২২ ডিসেম্বর ২০২০।

